



বাংলাদেশমাদ্রাসাশিক্ষাবোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজরোড, বখশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/২৩৩২২১১১৩৩০১/ ময়মন-৩৫০/ ২২৬/৬

তারিখ: ০৭ আষাঢ় ১৪২৯
২৭ জুন ২০২২


বিষয়: অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে ময়মনসিংহ জেলার ভালুকা উপজেলাধীন বহলী দাখিল মাদ্রাসার ম্যানেজিং বিরুদ্ধে জনৈক মোহা: হাফছা খাতুন অত্র বোর্ডে একটি অভিযোগপত্র দাখিল করেন (কপি সংযুক্ত)।

এমতাবস্থায় অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক (.....) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


২৭/০৬/২২

মোঃ ওমর ফারুক

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd

২৭/৬/২২

উপজেলা নির্বাহী অফিসার
ভালুকা, ময়মনসিংহ।

নং-বামাশিবো/প্রশা/২৩৩২২১১১৩৩০১/ ময়মন-৩৫০/ ২২৬/৬

তারিখ: ০৭ আষাঢ় ১৪২৯
২৭ জুন ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, ময়মনসিংহ;
২. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভালুকা, ময়মনসিংহ;
৪. সুপার/ভারপ্রাপ্ত সুপার, বহলী দাখিল মাদ্রাসা, ভালুকা, ময়মনসিংহ;
৫. মোহা: হাফছা খাতুন (অভিযোগকারী), বহলী দাখিল মাদ্রাসা, ভালুকা, ময়মনসিংহ;
৬. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।


২৭/০৬/২২

মোঃ ওমর ফারুক

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd

২৭/৬/২২

বরাবর

রেজিষ্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

বাংলাদেশ, ঢাকা।

বিষয় : ময়মনসিংহ জেলার ভালুকা উপজেলাধীন “বহুলী দাখিল মাদ্রাসা”, EIIN NO. 111330 এর নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনে নির্বাচনী তফসিল গোপন, সুপারের স্বেচ্ছাচারিতা, অসৎ উদ্দেশ্য চরিতার্থ করে অবৈধভাবে কমিটি গঠন সংক্রান্ত অভিযোগ প্রসঙ্গে।

মহোদয়

যথা বিহিত সম্মান পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি নিম্নস্বাক্ষরকারী ময়মনসিংহ জেলাধীন ভালুকা থানার অন্তর্গত বহুলী দাখিল মাদ্রাসার শিক্ষার্থী অভিভাবক, দাতা ও প্রতিষ্ঠাতার পক্ষে মোহাঃ হাফছা খাতুন, পিতা-মৃত মোস্তাফিজুর রহমান, মাতা-মোছাঃ সুফিয়া, স্থায়ী ঠিকানা: গ্রাম: বহুলী, ডাকঘর: বহুলী, উপজেলা-ভালুকা, জেলা-ময়মনসিংহ এই মর্মে অভিযোগ দায়ের করিতেছি যে, আমার প্রয়াত পিতা মোস্তাফিজুর রহমান উক্ত বহুলী দাখিল মাদ্রাসার দাতা ও প্রতিষ্ঠাতা ছিলেন। বহুলী দাখিল মাদ্রাসার কোন ছাত্র-ছাত্রী, অভিভাবক, এলাকাবাসী, শিক্ষক-কর্মচারী, বিদ্যুৎসাহী, দাতা ও প্রতিষ্ঠাতা কেউ বলতে পারবে না যে, উক্ত মাদ্রাসার নিয়মিত ম্যানেজিং কমিটি গঠন কল্পে নির্বাচনী তফসিল ঘোষণা হয়েছে। অধিকতর প্রচার ও প্রসারের বিধান থাকা সত্ত্বেও নির্বাচনী তফসিল গোপন ও ইচ্ছামতো নির্বাচনী প্রসেসিং করে ম্যানেজিং কমিটি অনুমোদনের আবেদন করছেন মর্মে বিশ্বস্ত সূত্রে জানতে পারি। যাহা সম্পূর্ণ অন্যায় ও অমূলক বটে। এই দূর্নীতিবাজ সুপার স্মারক নং-উমাশিঅ/ভালুকা/২০২০/৮৩১ /৪, তারিখ: ১৩/০৩/২০২০ খ্রিঃ মূলে বিগত কমিটি গঠনে স-পূর্ণ বিধি মোতাবেক সদস্য নির্বাচিত হইবার পরও চক্রান্ত করে জৈনক নূর মোহাম্মদ কে দিয়া উক্ত নির্বাচিত কমিটি নস্যাৎ করে বোর্ডে কমিটি জমা দেয় নাই। উক্ত নূর মোহাম্মদ কে সভাপতি বানাইয়া নির্বাচনের কোন নাম নিশানাই এলাকার কোন অভিভাবক, মাদ্রাসার সাথে সংশ্লিষ্ট ও সম্পৃক্ত কেউ জানে বলে আমার জানা নাই। কোন উপায়ান্ত না পেয়ে অভিযোগ দায়ের করলাম। তদন্তে এলাকাবাসী প্রমাণ করবে। উল্লেখ্য যে, মাদ্রাসার সুপার মোঃ আবুল কালাম, একজন ঘোষণার, প্রতারক, ভণ্ড, চক্রান্তকারী, তথ্য গোপনকারী, দূর্নীতিবাজ। এমনকি ডাকাতি মামলায় উক্ত সুপার মোঃ আবুল কালাম ১৪ দিন হাজত খেটেছেন মর্মে এলাকায় দিবা লোকের মতো স্পষ্ট। মাসে ৩/৪ দিন মাদ্রাসায় উপস্থিত হইয়া সাকুল্য মাসের হাজিরা স্বাক্ষর করেন। এমন কোন অপকর্ম নাই যাহা উক্ত সুপার কর্তৃক সম্পাদন হয় নাই। উক্ত সুপারের কারণে মাদ্রাসায় কাম্য শিক্ষার্থী নাই এবং ফলাফল শূণ্য।

অতএব, মহোদয় সমীপে আকুল আবেদন, উক্ত দূর্নীতিবাজ সুপার যেন অবৈধভাবে কমিটি গঠন করিতে না পারে তাহার বিহিতাদেশ দানে জনাবের সু-মর্জি হয়।

৯/২/২০২০

নিবেদক,

মোহাঃ হাফছা খাতুন
পিতা-মৃত মোস্তাফিজুর রহমান
মাতা-মোছাঃ সুফিয়া
গ্রাম+ডাক: বহুলী, এলাকা
বহুলী দাখিল মাদ্রাসা
০১৭৩৫-০৫২৪৭৪।